চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

চট্টগ্রাম ।

প্রেস বিজ্ঞপ্তি

ভূমিকম্প অগ্নিনির্বাপণ উদ্ধার বিষয়ে মহড়া উদ্বোধনে মেয়র
৮হাজার২শত স্বেচ্ছাসেবককে
প্রশিক্ষন দেবে চসিক

চট্টগ্রাম- ৩০ অক্টোবর ২০১৮

চট্টগ্রাম সিটি কর্পারেশনের নগর ভবন চত্ত্বরে আজ মঙ্গলবার সকালে ভূমিকম্প, অগ্নিনির্বাপণ ও উদ্ধার বিষয়ক মহড়া অনুষ্ঠিত হয়। সিটি মেয়র আ জ ম নাছির উদ্দীন প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এই মহড়া কার্যক্রমের উদ্বোধন করেন। বেসরকারি উন্নয়ন সংস্থা ইপসার অয়োজনে ও ফায়ার সার্ভিস সিভিল ডিফেন্সের পরিচালনায় এই মহড়া কর্যক্রম অনুষ্ঠিত হয়। সহযোগীতায় ছিলেন চট্টগ্রাম সিটি কর্পোরেশন এবং বেসরকারি উন্নয়ন সংস্থা সেভ দ্যা চিলড্রেন, সিএন্ডএ ফাউন্ডেশন। মেয়রসহ অনুষ্ঠানের অতিথিরা এই কার্যক্রম প্রত্যক্ষ করেন। অনুষ্ঠান স্থলে দুর্যোগকালীন সময়ে জনসাধারণের করণীয়, ট্রাফিক আইন মেনে চলাসহ বিভিন্ন ধরণের পরামর্শমূলক প্ল্যাকার্ড প্রদর্শিত হয়।

এই উপলক্ষে আয়োজিত সমাবেশে সিটি মেয়র বলেন, নগর জীবনে বিভিন্ন সময়ে দুর্যোগ আসে। প্রাকৃতিক ভাবে চট্টগ্রাম ভূমিকম্প প্রবন এলাকা। এছাড়াও শুস্ক মৌসুমে অগ্নিকাণ্ডের ঘটনা বেশি ঘটে। তাই অগ্নিকাণ্ড, ভূমিকম্প, বন্যা ইত্যাদি দুর্যোগ থেকে কিভাবে জনজীবন রক্ষা করা যায় এ বিষয়ে প্রশিক্ষন ও সাধারণ ভাবে ধারণা থাকা প্রয়োজন। এই মহড়া আয়োজনের জন্য বেসরকারি উন্নয়ন সংস্থা সেভ দ্যা চিলড্রেন, সিএন্ডএ ফাউন্ডেশনকে ধন্যবাদ জানান মেয়র। মেয়র বলেন এাণ,দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়ের (সিডিএমপি) অধীনে অগ্নিকান্ড,ভুমিকম্প ও উদ্ধার বিষয়ে সারাদেশে ৬২হাজার স্বেচ্ছাসেবক প্রস্ততির প্রকল্প গ্রহন করে।এই প্রকল্পের আওতায় চট্টগ্রাম সিটি কর্পোরেশনও। তারই আলোকে বিগত সময়ে চট্টগ্রাম নগরে প্রতিটি ওয়ার্ড থেকে ২০০ জন স্বেচ্ছাসেবকে ফায়ার সার্ভিস সিভিল ডিফেন্সের মাধ্যমে ৩দিনের প্রশিক্ষণ দেয়া হয়।বর্তমানে এই তালিকা থেকে অনেকেই ঝরে পড়েছে। আর প্রশিক্ষণ প্রাপ্তদের এই তালিকা হালনাগাদ করা প্রয়োজন হয়ে পড়ে।এমতাবস্থায় ঝরে পড়াদের স্থান পূরণ এবং পুরানো স্বেচ্ছাসেবকদের সতেজকরণ প্রদান শেষে ওয়ার্ডভিত্তিক ভুমিকম্প,অগ্নিকান্ড এবং উদ্ধার বিষয়ে ফায়ার সার্ভিস ডিফেন্স এর মাধ্যমে মহড়া আয়োজনের উদ্যোগ নেবে চট্টগ্রাম সিটি কর্পোরেশন। এতে নগরীর ৪১ ওয়ার্ডের ৮ হাজার ২ শত স্বেচ্ছাসেবককে ফায়ার সার্ভিস ডিফেন্স প্রশিক্ষন দেবে। প্রশিক্ষত এই স্বেচ্ছাসেবকরা ভূমিকম্প অগ্নিনির্বাপনসহ বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগে উদ্ধার কার্যক্রমে উল্লেখযোগ্য ভূমিকা রাখতে পারবে। মেয়র বলেন, যেকোন দুর্যোগ থেকে রক্ষা পেতে হলে ঘটনা প্রত্যক্ষ করার চেয়ে, সাধারণ জ্ঞান বা প্রশিক্ষন জানা থাকলে জনসাধারণের উচিত ফায়ার সার্ভিস বা উদ্ধারকারী দলকে দুর্যোগকালীন সময়ে সহায়তায় এগিয়ে আসা। এতে করে জানমাল রক্ষা পাবে বলে তিনি উল্লেখ করেন। চট্টগ্রাম সিটি কপোরেশন দুর্যোগ ব্যবস্থাপনা স্ট্যান্ডি কমিটির চেয়ারম্যান কাউন্সিলর মোহাম্মদ আবুল হাশেমের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় বিশেষ অতিথি ছিলেন চট্টগ্রাম সিটি কর্পোরশেনের প্রধান নির্বাহী কর্মকর্তা মো.সামসুদ্দোহা। অন্যান্যের বক্তব্য রাখেন চসিক সচিব মো.আবুল হোসেন,চট্টগ্রাম জেলা ফায়ার সার্ভিস সভিস সিভিল ডিফেন্সের উপ পরিচালক আবদুল মান্নান, সেভ দ্যা চিলড্রেন পরিচালক সৈয়দ মতিউল আহসান, ইপসার উপ পরিচালক নাছিম বানু। এ সময় কর্পোরেশনের স্পেশাল ম্যাজিস্ট্রেট জাহানারা ফেরদৌস, নির্বাহী আফিয়া আক্তার, স্থাপতি এ কে এম রেজাউল করিম উপস্থিত ছিলেন।

প্রেস বিজ্ঞপ্তি

চট্টগ্রাম- ৩০ অক্টোবর ২০১৮

বিশিষ্ট সাংবাদিক, লেখক ও কলামিস্ট মোতাহের হোসেন রচিত “বঙ্গবন্ধু থেকে শেখ হাসিনা” বইটি আজ মঙ্গলবার সকালে নগর ভবন মেয়র দপ্তরে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আলহাজ্ব আ জ ম নাছির উদ্দীনের নিকট হস্তান্তর করেন। এ সময় চসিক কাউন্সিলর শৈবাল দাশ সুমন, সাংবাদিক নাছির উদ্দিন তোতা ও সমাজ সেবক নুরুল ইসলাম উপস্থিত ছিলেন। হস্তান্তরকালে বইটি সম্পর্কে সিটি মেয়র বলেন এই বইটি পড়ে যেকোন পাঠক বঙ্গবন্ধু থেকে শেখ হাসিনা সম্পর্কে অনেক কিছু জানতে পারবে। বইটি আগামী প্রজন্মের জন্য অনুকরণীয় একটি বই বলে তিনি উল্লেখ করেন।

এছাড়া আজ সকালে মেয়র দপ্তরে বাংলাদেশ ব্যাংক চট্টগ্রাম শাখার একটি প্রতিনিধি দল চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আলহাজ্ব আ জ ম নাছির উদ্দীনের নিকট সৌজন্য সাক্ষাত করেন। এ সময় প্রতিনিধি দলের মধ্যে বাংলাদেশ ব্যাংকের নির্বাহী পরিচালক এম এম রবিউল হাসান, যুগ্ম পরিচালক আবদুল আজাদ, উপপরিচালক আবু হোসাইন মো. জামসেদ উদ্দিন উপস্থিত ছিলেন।

বাওয়া উচ্চ বিদ্যালয় ও কলেজের
গভর্নিং বডির সভা অনুষ্ঠিত

চট্টগ্রাম- ৩০ অক্টোবর ২০১৮

আজ মঙ্গলবার দুপুরে সিটি কর্পোরেশন কনফারেন্স হলে বাংলাদেশ মহিলা সমিতি (বাওয়া) বালিকা উচ্চ বিদ্যালয় ও কলেজ পরিচালনা পর্ষদের সভা অনুষ্ঠিত হয়। বাংলাদেশ মহিলা সমিতি বালিকা উচ্চ বিদ্যালয় ও কলেজের সভাপতি ও সিটি মেয়র আ জ ম নাছির উদ্দীন সভাপতি হিসেবে উপস্থিত ছিলেন। সভায় পরিচালনা পর্ষদের সদস্যদের মধ্যে জামশেদুল আলম চৌধুরী, চসিক কাউন্সিলর মো. গিয়াস উদ্দিন, শফিকুল আলম, জিয়া উদ্দিন চৌধুরী শাহীন, উম্মে হাবিবা আখি, মো. সালাউদ্দিন, আবদুল মোমিন, শিমুল মহাজন, হোসনে আরা বেগম, হাসিনা ও অধ্যক্ষ আনোয়ারা বেগম উপস্থিত ছিলেন।

সভাপতির বক্তব্যে সিটি মেয়র বলেন বাংলাদেশ মহিলা সমিতি বালিকা উচ্চ বিদ্যালয় ও কলেজ নগরীর নারী শিক্ষার বিস্তারে একটি অন্যতম শিক্ষা প্রতিষ্ঠান। এই শিক্ষা প্রতিষ্ঠানে পাঠ দানের মান উন্নয়ন , শিক্ষক -শিক্ষার্থী ও অভিবাবকদের মধ্যে আন্তঃ সম্পর্ক ও সমন্বয় নিশ্চিত হলে প্রতিষ্ঠানের সুনাম বৃদ্ধি পায়। এতে প্রতিষ্ঠান স্বাবলম্বী হওয়ার যোগ্যতা অর্জন করে। মেয়র সমৃদ্ধ,আলোকিত ও মূল্যবোধ সম্পন্ন বিশ্বমানের নাগরিক গড়ার কথা উল্লেখ করে বলেন, শিক্ষা আভিধানিক অর্থে মৌলিক অধিকার হলেও সুযোগ সুবিধার অভাবে পারেনা। যারা নিজেদের অর্থ সম্পদ বিলিয়ে দিয়ে শিক্ষা সেবা নিশ্চিত করনে উদ্যেগ গ্রহন করেন তারাই প্রকৃত পক্ষে মহৎ ব্যক্তি।শিক্ষার প্রধান উদ্দেশ হচ্ছে শিক্ষার্থীদের নৈতিকতা জাগ্রত করা। এর ফলে পুরো সমাজ উদ্ভাসিত হয় বলে মেয়র উল্লেখ করেন। সভায় শিক্ষার মান উন্নয়ন, অবকাঠামোগত উন্নয়নসহ বিবিধ বিষয় নিয়ে আলোচনান্তে সিদ্ধান্ত গৃহিত হয়।

রনজিত রক্ষিত এর মৃত্যুতে
সিটি মেয়রের শোক

চট্টগ্রাম- ৩০ অক্টোবর ২০১৮

শিল্পকলা একাডেমীর সহ-সভাপতি রনজিত রক্ষিত এর মৃত্যুতে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আলহাজ্ব আ জ ম নাছির উদ্দীন গভীর শোক প্রকাশ করেছেন। তিনি আজ মঙ্গলবার এক শোক বার্তায় প্রয়াত রনজিত রক্ষিতের আত্মার সদগতি ও শান্তি কামনা করেন এবং তার শোকসন্তপ্ত পরিবার পরিজনের প্রতি সমবেদনা জানান।

সংবাদদাতা
রফিকুল ইসলাম
জনসংযোগ কর্মকর্তা
চট্টগ্রাম সিটি কর্পোরেশন